

দৈনিক ইত্তেফাক

তারিখ
পৃষ্ঠা ৩.৬ কলাম ...

নড়াইলে মিত্র কলেজে অপ্রীতিকর ঘটনা ॥ এমপি'র নির্দেশে গভর্নিং বডি'র সদস্য শ্রেণ্ডাৰ

নড়াইল সংবাদদাতা । দু'জন কলেজ ছাত্ৰের জনৈক যুবকের মধ্যে অপ্রীতিকর ঘটনার জের হিসেবে গত পূর্নিবার নড়াইল মিত্র কলেজের অধ্যক্ষসহ কয়েকজন শিক্ষক দাখিলত ও ৩ জন ছাত্ৰ আহত হয়। এ ঘটনায় স্থানীয় নবনির্বাচিত এমপির নির্দেশে ঘটনা সামাল দিতে আসা কলেজ গভর্নিং বডি'র সদস্য ও সাবেক ছাত্ৰলীগ নেতা আশিষ কুমার বিশ্বাসকে পুলিশ শ্রেণ্ডাৰ করেছে।

কলেজের দু'জন ছাত্ৰ কলেজে প্রাইভেট পড়তে আসার সময় জুলফিকার আলী ভূট্টো নামে এক যুবকের সাথে সাইকেলে ধাক্কা লাগে। এ ঘটনায় ভূট্টো ঐ ছাত্ৰদ্বয়কে কয়েকটি কিলঘুৰি মারে। বেলা ১১টার সময় ভূট্টোকে গোবরা বাজারে পেয়ে কলেজের ছাত্ৰরা মারধর করে। ভূট্টোর সঙ্গী অন্যান্য যুবক কলেজের ছাত্ৰদের পাল্টা মারধর করে। এ সময় কলেজের অধ্যক্ষ ও কপোড়া ইউপি চেয়ারম্যান আশিষ কুমার বিশ্বাস পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। পরে কলেজ গভর্নিং বডি মীমাংসার জন্য বসে। এ ঘটনার খবর পেয়ে সদ্য নির্বাচিত এমপি যীৱেন্দ্ৰ নাথ সাহা ঘটনাস্থলে এসে পুলিশকে দিয়ে চেয়ারম্যান আশিষ বিশ্বাসকে শ্রেণ্ডাৰ করে। তার বিরুদ্ধে হামশাৰ নেতৃত্ব দেয়ার অভিযোগ এনে অধ্যক্ষ আনোয়ার হোসেন বাদী হয়ে নড়াইল থানায় ৭ জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন।